আজকের কাগজ

তারিখ ... 23 APR 1995 ...
পৃষ্ঠা ৬ কলাম ২

# বরিশাল বিভাগের ১ লাখ ৩৬ হাজার ৯৬২ জন শিশু প্রাথমিক শিক্ষালাভ থেকে বঞ্চিত

মীর মনিরুজ্জামান : দক্ষিণাঞ্চলের ৬টি জেলায় সরকার সার্বজনীন প্রাথমিক শিক্ষা কার্যক্রম প্রবর্তন করলেও বরিশাল বিভাগের ১ লাখ ৩৬ হাজার ৯শ' ৬২ জন শিশু প্রাথমিক শিক্ষা লাভ থেকে বঞ্চিত হচ্ছে। সংশ্লিষ্ট দফতরের কর্মসূচি প্রণয়নে অদূরদর্শীতা প্রয়োজনীয় শিক্ষা প্রতিষ্ঠান ও অন্যান্য সরঞ্জামাদীর অভাব, অভিভাবক মহলের অসচেতনতা এবং আর্থিক সংকটই মূলতঃ এর অন্যতম কারণ। সরকারি জরিপ মতে বরিশাল বিভাগের ৬টি জেলায় ৬ থেকে ১০ বছর বয়সী স্কুলগমন উপযোগী শিশুর সংখ্যা ১১ লাখ ৯৫ হাজার ৩শ' ৯২ জন অথচ এদের মধ্যে স্কুলে যাচ্ছে ১০ লাখ ৫৮ হাজার ৪শ' ৩০ জন তাহলে স্কুলে যাচ্ছে না ১ লাখ ৩৬ হাজার ৯শ' ৬২ জন। বরিশাল জেলায় স্কুলগমন উপযোগী শিশুর সংখ্যা ৩লাখ ৩৪ হাজার ১শ'৩৬ জন। বিদ্যালয়ে ভর্তি হয়েছে ২ লাখ ৯৬ হাজার ৭শ' ৩৯ জন। স্কুলে যাচ্ছে না ৩৭ হাজার ৩শ' ৯৭ জন। বরগুনা জেলায় স্কুল গমনোপযোগী শিশুর সংখ্যা ১ লাখ ২৩ হাজার ৬শ' ৮৬ জন। স্কুলে ভর্তি হয়েছে ১ লাখ ১৪ হাজার ৯শ' ৮৩ জন। স্কুলে যাচ্ছে না ৮ হাজার ৭শ' ৩ জন। ভোলা জেলায় স্কুল গমনোপযোগী শিশুর সংখ্যা ২ লাখ ৭৮ হাজার ৬শ' ৯২ জন। স্কুলে ভর্তি হয়েছে ২ লাখ ১৯ হাজার ১শ' ৬১ জন। স্কুলে যাচ্ছে না ৫৯ হাজার ৫শ' ৩১ জন। পিরোজপুর জেলায় স্কুল গমনোপযোগী শিশুর সংখ্যা ১ লাখ ৫২ হাজার ৭শ' ৯ জন। স্কুলে ভর্তি হয়েছে ১ লাখ ৪৪ হাজার ৯শ' ২৪ জন। স্কুলে যাচ্ছে না ৭ হাজার ৭শ' ৮৫ জন। পটুয়াখালী জেলায় স্কুল গমনোপযোগী শিশুর সংখ্যা ২ লাখ ১৪ হাজার ৭৫ জন। স্কুলে ভর্তি হয়েছে ১ লাখ ৯৫ হাজার ১শ' ৩১ জন। স্কুলে যাচ্ছে না ১৮ হাজার ৯শ' ৪৪ জন। ঝালকাঠি জেলায় স্কুলে গমনোপযোগী শিশুর সংখ্যা ৯৩ হাজার ১শ' ৯৪ জন। স্কুলে ভর্তি হয়েছে ৮৭ হাজার ৪শ' ৯২ জন। স্কুল যাচ্ছে না ৫ হাজার ৭শ' ২ জন। এ বিপুল সংখ্যক শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত থাকা সত্ত্বেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কি ধরনের পদক্ষেপ গ্রহণ করেছেন তা অস্পষ্ট। সরকার শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচি প্রবর্তন করলেও এ অঞ্চলের শিশুদের প্রাথমিক শিক্ষা গ্রহণে খুব একটা আগ্রহ দেখা যাচ্ছে না। কর্তৃপক্ষের যথার্থ পদক্ষেপ গ্রহণের মাধ্যমে এর সংখ্যা বৃদ্ধি করা সম্ভব।